

105352 - যুহুদ বা দুনিয়া-বিমুখতা বলতে কী বুঝায়

প্রশ্ন

যুহুদ বা দুনিয়া-বিমুখতা বলতে কী বুঝায়? তালি-দেয়া কাপড় পরা, প্রতিদিন রোজা রাখা, সমাজ থেকে দূরে থাকা ইত্যাদি কী যুহুদ?

প্রিয় উত্তর

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। ‘যুহুদ’ মানে এই নয় যে- তালি দেয়া কাপড় পরা, মানুষকে এড়িয়ে চলা, সমাজ থেকে দূরে থাকা, প্রতিদিন রোজা রাখা। কারণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হচ্ছেন- যুহুদ অবলম্বনকারীদের মধ্যে শ্রেষ্ঠ ব্যক্তি। কিন্তু তিনি নতুন কাপড় পরতেন। কোন প্রতিনিধি দল আসলে সেজন্য পরিপাটি হতেন। জুমার দিন ও ঈদের দিনে নিজেকে পরিপাটি করতেন। মানুষের সাথে মিশতেন। মানুষকে কল্যাণের দিকে আহ্বান করতেন, দ্বীনি বিষয়াদি শিক্ষা দিতেন। তিনি তাঁর সাহাবীদেরকে প্রতিদিন রোজা রাখা থেকে বারণ করতেন। বরঞ্চ ‘যুহুদ’ মানে হচ্ছে- হারাম থেকে বেঁচে থাকা এবং আল্লাহ যা অপছন্দ করেন সেটা থেকেও বেঁচে থাকা। বিলাসিতা প্রকাশ ও অতিমাত্রায় দুনিয়া উপভোগ থেকে দূরে থাকা। পরকালের জন্য উত্তম সম্বল গ্রহণ করা। যুহুদের সবচেয়ে উত্তম ব্যাখ্যা পাওয়া যাবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জীবনীতে। আল্লাহ আমাদেরকে তাওফিক দিন। আমাদের নবী মুহাম্মদ ও তাঁর পরিবার-পরিজন এবং সাহাবীদের উপর আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক। ফতোয়া ও গবেষণা বিষয়ক স্থায়ী কমিটি

সদস্য- শাইখ আব্দুল আযিয বিন বায

সদস্য- শাইখ আব্দুর রাজ্জাক আফিফি

সদস্য- আব্দুল্লাহ গাদয়ান

সদস্য- শাইখ আব্দুল্লাহ বিন কুয়ুদ

ফাতাওয়াল লাজনাদ দায়িমা লিল বুহুছ ওয়াল ইফতা (ফতোয়া ও গবেষণা বিষয়ক স্থায়ী কমিটির ফতোয়া সমগ্র) ২৪/৩৬৯।